পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ
POWER GRID COMPANY OF BANGLADESH LTD.
(An Enterprise of Bangladesh Power Development Board)
ISO 9001 : 2015 CERTIFIED

স্মারক নং-২৭.২১.০০০০.২০১.১৮.০০১.১৭.৫৮২০ তারিখঃ ১৯ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিস্টাব্দ

আন্তঃ বিভাগীয় লিপি

প্রেরকঃ	প্রাপকঃ
মহাব্যবস্থাপক (পিএন্ডএ)	প্রধান প্রকৌশলী/মহাব্যবস্থাপক (অর্থ)----------------------------
প্রধান কার্যালয়, পিজিসিবি।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী/উপ-মহাব্যবস্থাপক, ----------------
	নির্বাহী প্রকৌশলী/ব্যবস্থাপক, ---------------------------------------

বিষয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে উৎসাহ ও প্রণোদনা সৃষ্টির লক্ষ্যে সেরা কর্মকর্তা ও কর্মচারী মনোনয়ন প্রসঙ্গে।

পিজিসিবিতে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের অংশ হিসেবে কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে উৎসাহ ও প্রণোদনা সৃষ্টির লক্ষ্যে মাঠ পর্যায়ের দপ্তর সহ কেন্দ্রীয়ভাবে সেরা কর্মকর্তা ও কর্মচারী মনোনয়ন প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাবলী প্রতিপালন করতে হবেঃ

১. শুদ্ধাচার পুরস্কার প্রদানের ক্ষেত্রে বেতন গ্রেড-১ হতে গ্রেড-১০ ভুক্ত নিয়মিত ইমপ্লয়ীদের মধ্য হতে একজন কর্মকর্তা ও বেতন গ্রেড-১১ হতে গ্রেড-২০ ভুক্ত নিয়মিত ইমপ্লয়ীদের মধ্য হতে একজন কর্মচারী সেরা হিসেবে বিবেচিত হবেন।

২. শুদ্ধাচার পুরস্কার অর্থবছর অনুযায়ী প্রদান করা হবে। প্রতি অর্থবছর শেষে মাঠ পর্যায়ের দপ্তর প্রধানগণ সকল প্রক্রিয়া সম্পন্ন করে অর্থবছরের প্রথম (জুলাই) মাসের মধ্যে কর্মকর্তা/কর্মচারীর মনোনয়ন প্রদান করে পরবর্তী উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরন করবে। শুদ্ধাচার বিষয়ক কেন্দ্রীয় নৈতিকতা কমিটি পরবর্তী এক মাসের মধ্যে চূড়ান্তভাবে প্রার্থী মনোনয়ন পূর্বক পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণ করবে।

৩. শুদ্ধাচার পুরস্কারের জন্য কর্মকর্তা/কর্মচারী মনোনয়নের ক্ষেত্রে শুদ্ধাচার চর্চার জন্য নির্ধারিত ১৯ টি সূচকে মোট ১০০ নম্বর বিবেচনা করতে হবে (কপি সংযুক্ত)।

৪. কোন কর্মকর্তা ও কর্মচারীকে গুণাবলীর সূচকের বিপরীতে প্রাপ্ত সর্বমোট নম্বর এবং বিশেষ ইনোভেটিভ বা প্রতিষ্ঠানের স্বার্থ সংশ্লিষ্ট বিশেষ কাজের ভিত্তিতে মূল্যায়ন করা হবে। তবে মোট প্রাপ্ত নম্বর নূন্যতম ৮০ না হলে তিনি শুদ্ধাচার পুরস্কারের জন্যে বিবেচিত হবেন না।

৫. নির্ধারিত সূচকের আলোকে (গুরুত্বপূর্ণ সূচকের ব্যাখ্যাসহ) মনোনয়ন প্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীর বিশেষ ইনোভেটিভ কার্যক্রম অথবা প্রতিষ্ঠানের স্বার্থ রক্ষাকারী বিশেষ কার্যক্রমের বর্ণনা সংযুক্ত করতে হবে।

৬. মনোয়নের জন্য বিবেচ্য কর্মকর্তা ও কর্মচারীকে সংশ্লিষ্ট অর্থবছরে নূন্যতম ছয় মাস পিজিসিবিতে চাকুরী করতে হবে।

৭. মাঠ পর্যায়ের দপ্তর সমূহ হতে শুদ্ধাচার পুরস্কারের জন্য মনোনয়ন প্রদানের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনা মোতাবেক প্রার্থী বাছাই ও তথ্য প্রেরণ করতে হবেঃ

ক. নির্বাহী প্রকৌশলী পর্যায়ের দপ্তর প্রধানগণ শুদ্ধাচার চর্চার উল্লেখিত গুনাবলীর আলোকে মূল্যায়ন ছক অনুসারে নম্বর প্রদান করতঃ একজন কর্মকর্তা এবং একজন কর্মচারীর নাম তত্ত্বাবধায়ক প্রকৌশলীর নিকট প্রেরণ করবেন। পাশাপাশি তিনি মনোনয়ন প্রাপ্ত সেরা কর্মকর্তা এবং কর্মচারীকে সনদ প্রদান করবেন।

খ. তত্ত্বাবধায়ক প্রকৌশলী/উপ-মহাব্যবস্থাপকগণ নিজ দপ্তরসমূহের মনোনয়নসহ (যদি থাকে) অধঃস্থন দপ্তর হতে প্রাপ্ত মনোনয়নসমূহ যাচাই-বাছাই করতঃ একজন সেরা কর্মকর্তা ও একজন সেরা কর্মচারীর নাম প্রয়োজনীয়

G:\Afsar\2017-Staff\Antobivagiolipi\Office Order.doc

Institution of Engineers Bangladesh (IEB) Bhaban (New), 4th Floor, 8/A Ramna, Dhaka-1000. Web : www.pgcb.org.bd
PABX : 9550514, 9553663, 9558054, 9560064, 9582184, FAX : +88-02-9582382, E-mail : info@pgcb.org.bd

QF-HRM-48

সুপারিশসহ প্রধান প্রকৌশলী/ মহাব্যবস্থাপকের নিকট প্রেরণ করবেন। পাশাপাশি তিনি মনোনয়ন প্রাপ্ত কর্মকর্তা এবং কর্মচারীকে সনদ প্রদান করবেন।

গ. প্রধান প্রকৌশলী/মহাব্যবস্থাপকগণ নিজ দপ্তরসমূহের মনোনয়নসহ (যদি থাকে) অধঃস্থন দপ্তর হতে প্রাপ্ত মনোনয়নসমূহ যাচাই-বাছাই করতঃ একজন সেরা কর্মকর্তা ও একজন সেরা কর্মচারীর নাম প্রয়োজনীয় সুপারিশসহ নৈতিকতা কমিটি (কেন্দ্রীয় শুদ্ধাচার কমিটি) নিকট প্রেরণ করবেন। একই সাথে তিনি মনোনয়ন প্রাপ্ত সেরা কর্মকর্তা এবং সেরা কর্মচারীকে সনদ এবং ক্রেস্ট প্রদান করবেন।

৮. নৈতিকতা কমিটি প্রাপ্ত মনোনয়ন ও সুপারিশসমূহ যাচাই বাছাই পূর্বক প্রাপ্ত নম্বর এবং সার্বিক কার্যক্রমের ভিত্তিতে একজন কর্মকর্তা ও একজন কর্মচারীকে সেরা হিসেবে নির্বাচিত করে পুরষ্কার প্রদান করবেন। নৈতিকতা কমিটি ব্যবস্থাপনা পরিচালক এর অনুমোদনক্রমে পুরষ্কার হিসেবে একটি সার্টিফিকেট এবং এক মাসের মূল বেতনের সমপরিমাণ আর্থিক প্রণোদনা প্রদান করবেন।

৯. একজন কর্মকর্তা/কর্মচারী একবার শুদ্ধাচার পুরষ্কার প্রাপ্ত হলে তিনি পরবর্তী তিন অর্থবছরের মধ্যে পুনরায় মনোনয়ন/পুরষ্কার পাওয়ার জন্যে বিবেচিত হবেন না।

২৭.০৭.১৭

(আবুল খায়ের চৌধুরী)
মহাব্যবস্থাপক (পিএন্ডএ), অঃ দাঃ

সদয় অবগতির জন্যঃ

১। ব্যবস্থাপনা পরিচালক, প্রধান কার্যালয়, পিজিসিবি।
২। নির্বাহী পরিচালক, পিএন্ডডি/ওএন্ডএম/অর্থ, পিজিসিবি, ঢাকা।
৩। পরিচালক (ওপিজিডব্লিউ), পিজিসিবি, ঢাকা।

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) ঃ

১। নির্বাহী পরিচালক (এইচআরএম) ও আহবায়ক, নৈতিকতা কমিটি, পিজিসিবি, ঢাকা।
২। প্রধন প্রকৌশলী (সঞ্চালন-১/প্রকল্প মনিটরিং) ও সদস্য, নৈতিকতা কমিটি, পিজিসিবি, ঢাকা।
৩। উপ-মহাব্যবস্থাপক (এইচআরএম) ও সদস্য সচিব, নৈতিকতা কমিটি, পিজিসিবি, ঢাকা।
৪। নির্বাহী প্রকৌশলী (সিএসও) ও সদস্য নৈতিকতা কমিটি, পিজিসিবি, ঢাকা।
৫। ব্যবস্থাপক (অর্থ-১) ও সদস্য, নৈতিকতা কমিটি, পিজিসিবি, ঢাকা।
৬। নির্বাহী প্রকৌশলী, আইসিটি, পিজিসিবি, ঢাকা-দপ্তরাদেশটি পিজিসিবি'র ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৭। অফিস কপি/মাষ্টার কপি।

২৭.০৭.১৭

(মোহাম্মদ আতাউল করিম)
ব্যবস্থাপক (এইচআরএম-২)

QF-HRM-48

ক্রম	সূচক	নম্বর	প্রাপ্ত নম্বর
১	পেশাগত জ্ঞান ও দক্ষতা	৫	
২	সততার নিদর্শন	৫	
৩	নির্ভরযোগ্যতা ও কর্তব্যনিষ্ঠা	৫	
৪	শৃংক্ষলাবোধ	৫	
৫	সহকর্মীদের সঙ্গে আচরণ	৫	
৬	সেবা গ্রহীতার সঙ্গে আচরণ	৫	
৭	প্রতিষ্ঠানের বিধি-বিধানের প্রতি শ্রদ্ধাশীলতা	৫	
৮	সমন্বয় ও নেতৃত্ব দানের ক্ষমতা	৫	
৯	তথ্য প্রযুক্তি ব্যবহারে পারদর্শিতা	৫	
১০	পেশাগত, স্বাস্থ্য ও পরিবেশ বিষয়ক নিরাপত্তা সচেতনতা	৫	
১১	ছুটি গ্রহণের প্রবণতা	৫	
১২	উদ্ভাবন চর্চা	৫	
১৩	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নে তৎপরতা	৫	
১৪	সোশ্যাল মিডিয়া ব্যবহার	৫	
১৫	স্বপ্রণোদিত তথ্য প্রকাশে আগ্রহ	৫	
১৬	উপস্থাপন দক্ষতা	৫	
১৭	ই-ফাইল ব্যবহারে আগ্রহ	৫	
১৮	অভিযোগ প্রতিকারে সহযোগিতা	৫	
১৯	মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান/দপ্তর/সংস্থা কর্তৃক ধার্যকৃত অন্যান্য কার্যক্রম	১০	
মোট		১০০	